# এক নজরে রাজশাহী ওয়াসা

## ভূমিকা:

পানি স্বাস্থ্য, জীবন ও সভ্যতার জন্য একান্ত অপরিহার্য। মানব-দেহের ৭০% এরও অধিক পানি। পানি অত্যন্ত মূল্যবান প্রাকৃতিক সম্পদ। পৃথিবীতে চার ভাগের তিন ভাগ পানি থাকা সত্ত্বেও সুপেয় পানির পরিমাণ অত্যন্ত কম। সমগ্র পানির ১ ভাগেরও কম হচ্ছে মানুষের ব্যবহার উপযোগী। রাজশাহী মহানগরীতে বসবাসরত সম্মানিত নাগরিকদের নিকট সেই জীবন ও সভ্যতা রক্ষাকারী পানি সরবরাহ করার দায়িত্বে নিয়োজিত রাজশাহী ওয়াসা। ২০১০ সালে ১লা আগস্ট রাজশাহী সিটি কর্পোরেশন হতে আলাদা হয়ে রাজশাহী ওয়াসা একক স্বতন্ত্র প্রতিষ্ঠান হিসেবে প্রতিষ্ঠিত হয়। রাজশাহী ওয়াসা প্রতিষ্ঠালগ্ন থেকে এখন পর্যন্ত নগরবাসীকে সুপেয় ও নিরাপদ পানি সরবরাহ করে যাচ্ছে। এছাড়া শিল্প ও বাণিজ্যিক স্থাপনায় যথাযথ পানি সরবরাহ করে রাজশাহীকে উত্তর বঙ্গের অন্যতম নগরী হিসেবে গড়ে তোলার লক্ষ্যে রাজশাহী ওয়াসা কাজ করে যাচ্ছে।

রাজশাহী শহর বাংলাদেশের উত্তর-পশ্চিম অঞ্চলে অবস্থিত বিভাগীয় সদর দপ্তর যা পদ্মা নদীর তীরে অবস্থিত। এটি বাংলাদেশের অন্যতম বৃহত্তম শহর এবং দেশের ১২টি সিটি কর্পোরেশনের একটি। রাজশাহী পৌরসভা ১৮৭৬ সালে প্রতিষ্ঠিত হয়। ইহা তদানিন্তন অখন্ড ভারতের প্রথম পৌরসভা গুলোর মধ্যে একটি। ১৯৮৭ সালে রাজশাহী পৌরসভা ৪৮.৪৭ বর্গ কি.মি. এলাকা নিয়ে সিটি কর্পোরেশনে রূপান্তরিত হয়। বর্তমানে পৌর এলাকা বৃদ্ধি পেয়ে ১০৪ বর্গ কি.মি উন্নীত হয়েছে। এখানে শিল্প প্রতিষ্ঠান তেমন গড়ে না উঠলেও অনেক উচ্চ শিক্ষা প্রতিষ্ঠান গড়ে উঠেছে। রাজশাহী অঞ্চলে ব্যাপক রেশম চাষ পরিলক্ষিত হয় এবং বাংলাদেশের একমাত্র রেশম গবেষণাগারটিও রাজশাহী নগরীতে অবস্থিত বিধায় রাজশাহী শহরকে রেশম ও শিক্ষা নগরী বলা হয় । রাজশাহী সিটি কর্পোরেশনের বর্তমান জনসংখ্যা বস্তি ও ভাসমান জনগোষ্ঠী সহ প্রায় ৯ লক্ষ। এই শহরটির দৈর্ঘ্য ১২ কি.মি. এবং প্রস্থ ৮ কি.মি.।

## বিবর্তনের ইতিহাস :

১৯৩৭ সালে তৎকালীন ভারতের কলকাতার পূর্ত মন্ত্রণালয়ের পানি সরবরাহ শাখার উদ্যোগে রাজশাহী পৌরসভার অধিনে প্রথম রাজশাহী শহরে পানি সরবরাহ ব্যবস্থা চালু হয়। এই সরবরাহ ব্যবস্থায় নিরবচ্ছিন্ন পানি সরবরাহের লক্ষ্যে পুঠিয়ার রাণী হেমন্ত কুমারীর সহায়তায় ১৯৩৭ সালে ৭৪০ গ্যালন ধারণ ক্ষমতা সম্পন্ন ১০০টি খাড়া জলাধার রাস্তার পাশে স্থাপিত হয় যাহা স্থানীয় ভাবে “ঢোপকল” নামে পরিচিতি পায়। আজও শহরের অনেক জায়গায় এই ঢোপকলগুলো পানি সরবরাহের ঐতিহ্য নিয়ে দাঁড়িয়ে আছে এবং পৌরবাসীর পানির চাহিদা পূরণ করছে। এই ঢোপকলগুলো কেন্দ্রীয় ভাবে নির্মিত হেতম খাঁ অবস্থিত আয়রন দূরীকরণ শোধনাগারের সাথে যুক্ত ছিল এবং একটি ওভারহেড সার্ভিস জলাধার স্থাপিত ছিল। হেতম খাঁ অবস্থিত এই পানি শোধনাগারটির ক্ষমতা ছিল প্রতিদিন ৭০০ ঘন মিটার । ১৯৬৫ সালে এই পানি শোধনাগারটি পরিত্যাক্ত ঘোষণা করা হয় ।

১৯৮০ এবং ১৯৯০ এর দশকে জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ ও নেদারল্যান্ড সরকারের সহায়তায় বাংলাদেশ সরকার রাজশাহী পানি সরবরাহ মহা পরিকল্পনা নামে একটি প্রকল্প বাস্তবায়ন করে। এই প্রকল্পের অধীনে ৪টি ভূ-গর্ভস্থ পানি শোধনাগার, ৩০টি গভীর নলকূপ, ২৩১.৪৮ কি.মি. পাইপ নেটওয়ার্ক জালের মত ১০৪ বর্গ কি.মি অঞ্চলে স্থাপন করা হয়। ২০০০ সালে এই ব্যবস্থায় ৭ লক্ষ জনসংখ্যার পানির চাহিদা পূরণের জন্য নকশা করা হয়। বর্তমানে ৮৭.৫৮% জনসংখ্যা পাইপ লাইনের মাধ্যমে তাদের পানির চাহিদা পূরণ করছে। পানি ব্যবস্থাপনার শৃঙ্খলা আনয়নের লক্ষ্যে রাজশাহী সিটি কর্পোরেশন উচু জলাধার নির্মাণ করে। উল্লেখ্য যে ডাচ সাহায্যপুষ্ট প্রকল্পের সীমাবদ্ধতার কারণে ইহা পৌরবাসীর পানির চাহিদা মেটানোর জন্য যথেষ্ট ছিল না। প্রায় ১০ বছর পরে সিটি কর্পোরেশন স্ব-উদ্দ্যোগে কিছু গভীর নলকূপ ও পাইপ লাইন স্থাপন করে কিন্তু ইহাও ক্রমবর্ধন চাহিদার তুলনায় পর্যাপ্ত নয়।

পানি সরবরাহ ও পয়:নিষ্কাশন শাখা ১আগস্ট, ২০১০ সালে রাজশাহী সিটি কর্পোরেশন হতে আলাদা হয়ে যায় এবং রাজশাহী ওয়াসা নামে রাজশাহী পৌর এলাকার পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন একক কতৃপক্ষ হিসাবে একটি স্বতন্ত্র প্রতিষ্ঠান গঠিত হয়।

রাজশাহী ওয়াসা ২০১১ সালের ১০ই মার্চ শালবাগানে অবস্থিত পানি শোধনাগার হইতে কার্যক্রম শুরু করে এবং বর্তমানে শালবাগানস্থ নতুন রাজশাহী ওয়াসার প্রধান কার্যালয়টি স্থানান্তরিত করা হয়েছে (বর্তমান অফিস ঠিকান: বাসা নং-২৮৪, সেক্টর নং-০২, হাউজিং এস্টেট, উপশহর, রাজশাহী-৬২০২)। শালবাগানস্থ ভবনটি পরিত্যক্ত ঘোষণা করে সেই স্থানে “রাজশাহী ওয়াসা ভবন নির্মাণ” শীর্ষক প্রকল্পের আওতায় রাজশাহী ওয়াসার ১০ তলা ভবন নির্মাণের কার্যক্রম চলমান রয়েছে।

## রাজশাহী ওয়াসা প্রতিষ্ঠিত হবার পর থেকে অর্জন সমূহ :

- পানির কাভারেজ ৫৬.৮৮% হতে বৃদ্ধি পেয়ে ৮৭.৫৮% উন্নীতকরণ।
- নিরাপদ পানি সরবরাহের লক্ষ্যে নতুন পাইপ লাইন ৩৭৭.৫৩ কিঃমিঃ স্থাপন।
- পানি সরবরাহের লক্ষ্যে বাৎসরিক  গড় উৎপাদন ৬৩ MLD এর স্থলে ১০৭.০৪ MLD উন্নীতকরণ।
- নতুন ৪০ টি উৎপাদক নলকূপ স্থাপন।
- উৎপাদক নলকূপ রিজেনারেশন ৮০ টি।
- রাজস্ব আদায় ২.৮৩ কোটি হতে ১৭.১৩ কোটি টাকায় উন্নীতকরণ।
- পানির গ্রাহক সংখ্যা ২৬,৫৬৫ থেকে ৫১,১২৪ তে বৃদ্ধিকরণ।
- অটোমেশনের মাধ্যমে ১২৩ টি পাম্প পরিচালনা।
- পানির অভিকর আদায় সহজীকরণে বিকাশ, রকেট, রাকাব ও Ekpay কর্তৃপক্ষের সাথে চুক্তি সম্পাদন।
- পাইপ লাইন নেটওয়ার্ক ৪৮২ কিঃমিঃ হতে ৮৫৯.৫৩ কিঃমিঃ এ উন্নীতকরণ।
- জরুরী পানি সরবরাহের জন্য ০২টি পানির ট্যাংকার ক্রয় করা হয়েছে।
- সার্বক্ষনিক পানি সরবরাহ নিশ্চিত করার লক্ষ্যে ২০টি জেনারেটর ক্রয় করা হয়েছে।
- পানির গুণগতমান বৃদ্ধির জন্য পাইপ লাইন নেটওয়ার্কে ১১৬৬টি ওয়াস আউট স্থাপন করা হয়েছে।
- স্বল্প আয়ের জনগণের জন্য ৩২ টি ওয়াটার পয়েন্ট স্থাপন করা হয়েছে।
- ৯০টি পানির প্রবাহ মিটার স্থাপন করা হয়েছে।
- রাজশাহী ওয়াসায় নিজস্ব সার্ভার স্থাপন করা হয়েছে।
- ক্রয় প্রক্রিয়ায় শতভাগ ইজিপি সিস্টেম বাস্তবায়ন করা হয়েছে।
- রাজশাহী ওয়াসার নিজস্ব ওয়েব সাইট আছে ।
- গ্রাহকের মোবাইলে বিল সংক্রান্ত এসএমএস প্রেরণ।

## সেবা সহজীকরণ/ডিজিটালাইজেশন:

০১. সফ্‌টওয়্যারের মাধ্যমে পানির বিল প্রস্তুতকরণ এবং মোবাইলের মাধ্যমে পানির বিল পরিশোধ করার ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

০২. সফ্‌টওয়্যারের মাধ্যমে ভান্ডারের মালামালের হিসাব সংরক্ষণ করা হয়।

০৩. ই-জিপির মাধ্যমে ক্রয় প্রক্রিয়া সম্পাদন করা হয়।

০৪. IBNET-Toolkits এর মাধ্যমে KPI (Key Performance Indicator) প্রস্তুত করা হয়।

০৫. সফ্‌টওয়্যারের মাধ্যমে উৎপাদক নলকূপ মনিটরিং ও পরিচালনা করা হয়।

০৬. নৈতিকতা কমিটির সভা, অংশীজনের অংশগ্রহণে সভা, শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ, কর্মচারীদের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণের আয়োজন করা হয়।

০৭. রাজশাহী ওয়াসার পানি সংযোগ, পানি সংযোগের নাম পরিবর্তন ও পানি সংযোগ স্থানান্তর সেবা এবং পানির বিলের রশিদ ডাউনলোড অনলাইনের মাধ্যমে সম্পন্ন করা যায় ।

০৮. BIDA One Stop Service (OSS) Portal-এর সাথে রাজশাহী ওয়াসার পানি সংযোগ সেবা ইন্টিগ্রেশন ।

০৯. বার্ষিক ক্রয় পরিকল্পনা ওয়েব সাইটে প্রকাশ করা হয়।

১০. প্রকল্পের পিএসসি ও পিআইসি সভা নিয়মিত আয়োজন করা হয়।

১১. মহানগরীর বিভিন্ন গ্রাহক উৎস থেকে পানির গুনাগুণ পরীক্ষা করা হয়।

১২. ওয়েব সাইটের/মোবাইল-এর মাধ্যমে গ্রাহকের অভিযোগ গ্রহণ করা হয় এবং অনলাইনে/অফলাইনে প্রাপ্ত অভিযোগ নিষ্পত্তি করা হয়। ‘অভিযোগ প্রতিকার ব্যবস্থা’ Grievance Redress System (GRS) Software হালনাগাদ করা হয়।

১৩. গ্রাহকের মোবাইলে বিল সংক্রান্ত এসএমএস প্রেরণ।

# কর্মকর্তা/কর্মচারীদের সংখ্যা

**১.১ কর্মকর্তা/কর্মচারীদের সংখ্যা (রাজস্ব বাজেট)**

| সংস্থার নাম | অনুমোদিত পদ | পূরণকৃত পদ | শূন্য পদ | বছরভিত্তিক সংরক্ষিত (রিটেনশনকৃত) অস্থায়ী পদ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| মন্ত্রণালয়/অধিদপ্তর/সংস্থাসমূহ/ সংযুক্ত অফিস ( মোট পদসংখ্যা ) | ( ১৫৭ + ৯৭ ) = ২৫৪ | ৮৪ | ১৭০ টি শূন্য পদের মধ্যে বিভিন্ন ক্যাটগরিতে ৪৪টি পদে মন্ত্রণালয় কর্তৃক ছাড়পত্র পাওয়া গিয়েছে। | | রাজশাহী সিটি কর্পোরেশনের সাংগঠনিক কাঠামোতে পানি শাখায় ১৫৭ টি পদ অনুমোদিত। ২০১০ সালের ১ আগষ্ট ওয়াসার সৃষ্টিকালে বিভিন্নপদে ৬১ জন রাজশাহী ওয়াসাতে স্থানান্তরিত হয়ে আসে। পরবর্তীতে ২০১৩ সালে ৪১ জন বিভিন্ন পদে নিয়োগ হয় তন্মধ্যে-১ জন তত্ত্বাবধায়ক প্রকৌশলী পদে বিভাগীয় প্রার্থী হিসাবে নিয়োগ হয়। প্রেষণে নিয়োজিত ৩ জন কর্মকর্তা, চুক্তিভিত্তিক নিয়োগ ১ জন কর্মকর্তা, এবং ২০২৩ সালে ১১ জন কর্মকর্তা নিয়োগ প্রাপ্ত হয় এতে মোট জনবল দাঁড়ায় (৬১-১)= ৬০+৪১+৩+১+১১ = ১১৬ জন । ইতোমধ্যে (মৃত্যুবরণ - ১০ জন + অবসর গ্রহণ - ১৭ জন + পদত্যাগ - ৫ জন ) ৩২ টি পদ শূন্য হয়, ফলে বর্তমানে ৮৪ জন কর্মরত আছেন। নতুন সৃজিত পদ ৯৭ সহ মোট শূন্যপদের সংখ্যা (৯৭+৭৩)= ১৭০ জন। |
| মোট | ২৫৪ | ৮৪ | ১৭০ | - | |

**১.২ শূন্য পদের বিন্যাস**

| অতিরিক্ত সচিব/ তদূর্ধ্ব পদ | জেলা কর্মকর্তার পদ | অন্যান্য ১ম শ্রেণির পদ | ২য় শ্রেণির পদ | ৩য় শ্রেণির পদ | ৪র্থ শ্রেণির পদ | আউট সোর্সিং পদ | মোট |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| - | - | ১০ | ৯ | ৬৪ | ৫৮ | ২৯ | ১৭০ |

## রাজশাহী ওয়াসার চলমান প্রকল্পসমূহ

**প্রকল্পের নাম** : **রাজশাহী ওয়াসা ভূ-উপরিস্থিত পানি শোধনাগার।**
বিভাগ/মন্ত্রণালয় : স্থানীয় সরকার বিভাগ/স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
বাস্তবায়নকারী সংস্থা : রাজশাহী ওয়াসা, রাজশাহী।
প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকায়) : ৪০৬২২২.৭৭ লক্ষ টাকা (জিওবি-১৭৪৮৬৩.৩৯ লক্ষ এবং প্রকল্প সাহায্য ২৩১৩৫৯.৩৮ লক্ষ টাকা)।
বাস্তবায়নকাল (মূল) : জুলাই, ২০১৮ হতে জুন, ২০২২।
বাস্তবায়নকাল সংশোধিত(১ম) : জুলাই, ২০১৮ হতে জুন, ২০২৪।
বাস্তবায়নকাল সংশোধিত(২য়) : জুলাই, ২০১৮ হতে জুন, ২০২৬।
অনুমোদিত তারিখ (মূল) : ১২.১১.২০১৮।
অনুমোদিত তারিখ (১ম সংশোধিত) : ৩০.০৬.২০২২।
অনুমোদিত তারিখ (২য় সংশোধিত) : ২৫.০৭.২০২৪।

**প্রকল্পের উদ্দেশ্য** :

২০৩৫ সালের চাহিদা অনুযায়ী ২০০ MLD (দৈনিক ২০ কোটি লিটার) পানি উৎপাদনের মাধ্যমে জনসংখ্যার ভিত্তিতে পানির কাভারেজ ৮৪% হতে ১০০% উন্নীতকরণ, জন প্রতি দৈনিক পানি ব্যবহার ৬৫ লিটার হতে ১৪০ লিটার-এ উন্নীতকরণ এবং পানির গুণগত মান উন্নীতকরণ।

**সুনির্দিষ্ট লক্ষ্যসমূহ:**

পানির উৎস ব্যবস্থাপনার মাধ্যমে টেকসই পানি সরবরাহ ব্যবস্থা গড়ে তোলার লক্ষে পানি উৎস হিসেবে ১০০% ভূ-উপরিস্থিত পানি ব্যবহার করা।

**মূল কার্যক্রম** :

| ক্র.নং | অঙ্গের (Items) বিবরণ |
|---|---|
| ১. | ইনটেক পয়েন্ট, বুষ্টার পাম্পিং স্টেশনসহ ২০০ MLD ক্ষমতা সম্পন্ন পানি শোধনাগার স্থাপন। |
| ২. | Raw water transmission main (১৪০০মি.মি. ডায়া) ৮০০ মিটার পাইপ লাইন স্থাপন। |
| ৩. | Treated water transmission main (২টি পাইপ, প্রতিটির ১০০০মি.মি. ডায়া) ২ × ২৬.৫ = ৫৩ কি.মি. পাইপ লাইন স্থাপন । |
| ৪. | Primary & Secondary distribution main (৩০০মি.মি. ডায়া থেকে ১৪০০মি.মি. ডায়া ডায়া) ৪৮ কি.মি. পাইপ লাইন স্থাপন। |

মোট বাণিজ্যিক চুক্তি (in million US$) : মোট বাণিজ্যিক চুক্তি : US$ 325 million
: জিওবি : US$ 48.75 million
: প্রকল্প সাহায্য (চায়না এক্সিম ব্যাংক) : US$ 276.25 million

উন্নয়ন সহযোগী সংস্থা : চায়না এক্সিম ব্যাংক
বৈদেশিক সহায়তা ঋণের প্রকৃতি : Loan : Preferential Buyer's Credit (PBC)

**ডিপিপি অনুযায়ী প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকায়)**

মোট : ৪০৬২২২.৭৭
জিওবি : ১৭৪৮৬৩.৩৯
পিএ (প্রকল্প সাহায্য) : ২৩১৩৫৯.৩৮

(লক্ষ টাকায়)

| | | আর্থিক (%) | ভৌত (%) |
|---|---|---|---|
| মার্চ, ২০২৫ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি | : | ১৫৩৭.৮১৫৩<br>(৩৭.৮৬%)<br>[২০% অগ্রিম পেমেন্ট] | ২৫% |

**প্রকল্পের নাম : রাজশাহী ওয়াসা ভবন নির্মাণ (১ম সংশোধিত)।**

বিভাগ/মন্ত্রণালয় : স্থানীয় সরকার বিভাগ/স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
বাস্তবায়নকারী সংস্থা : রাজশাহী ওয়াসা, রাজশাহী।
প্রাক্কলিত ব্যয় (মূল) : ৬৫৯৯.৩২ লক্ষ টাকা ।
প্রাক্কলিত ব্যয় (১ম সংশোধিত) : ৬৯৪৮.২৮ লক্ষ টাকা ।
প্রাক্কলিত ব্যয় (২য় সংশোধিত-প্রস্তাবিত): ৭৮৭১.২৯ লক্ষ টাকা ।
বাস্তবায়নকাল মূল : জুলাই, ২০২০ হতে জুন, ২০২৩।
সংশোধিত (১ম সংশোধিত) : জুলাই, ২০২০ হতে জুন, ২০২৫।
সংশোধিত (২য় সংশোধিত-প্রস্তাবিত) :জুলাই, ২০২০ হতে ডিসেম্বর, ২০২৬।
অনুমোদিত তারিখ (মূল) : ১৮.০১.২০২০।
অনুমোদিত তারিখ (সংশোধিত) : ১৮.০৫.২০২৩।

**প্রকল্পের উদ্দেশ্য** :
প্রকল্পের সামগ্রিক উদ্দেশ্য হচ্ছে নিরাপদ পানি সরবরাহ এবং পয়ঃনিষ্কাশন ব্যবস্থার উন্নয়নের মাধ্যমে জনগণের স্বাস্থ্য ও জীবনযাত্রার মানের উন্নয়ন করে টেকসই উন্নয়ন লক্ষমাত্রা অর্জনে সহায়ক ভূমিকা পালন করা এবং নগরবাসীর আকাঙ্খা অনুযায়ী সেবা প্রদানের লক্ষ্যে রাজশাহী ওয়াসার কর্মকর্তা-কর্মচারীদের কাজের সুষ্ঠু পরিবেশ নিশ্চিত করা।

**সুনির্দিষ্ট লক্ষ্যসমূহ:**
রাজশাহী ওয়াসার কর্মকর্তা-কর্মচারীদের কর্মপরিবেশ নিশ্চিত করার লক্ষ্যে রাজশাহী ওয়াসা ভবন নির্মাণ করা।

**মূল কার্যক্রম** :

| ক্র.নং | অঙ্গের (Items) বিবরণ |
|---|---|
| ১. | ১০ তলা ওয়াসা ভবনের ফাউন্ডেশনসহ ১০ তলা পর্যন্ত ভবন নির্মাণ ও আনুষঙ্গিক অন্যান্য কাজ। |
| ২. | ওয়াসা ভবনের আর্কিটেক্ট প্ল্যান, স্ট্রাকচারাল ডিজাইন, ইন্টেরিয়র ডিজাইন এবং সুপারভিশনের জন্য কনসালটেন্সি সার্ভিস । |
| ৩. | মাটি পর্যবেক্ষণ ও ডিজিটাল জরিপ । |
| ৪. | ফার্ণিচার সরবরাহসহ ইন্টেরিয়র কাজ |
| ৫. | জেনারেটর সরবরাহ ও স্থাপন |
| ৬. | এয়ারকুলার সরবরাহ, VRF (HVAC) সিস্টেম স্থাপন, টেস্টিং ও কমিশনিং |
| ৭. | সাবষ্টেশন সরবরাহ ও স্থাপন |
| ৮. | লিফ্ট সরবরাহ ও স্থাপন |

(লক্ষ টাকায়)

| মার্চ, ২০২৫ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি | | আর্থিক (%) | ভৌত (%) |
|---|---|---|---|
| | : | ২৬৩১.৯৮ (৩৭.৮৮%) | ৬০% |

# প্রস্তাবিত প্রকল্প

| ক্রঃমঃ | প্রকল্পের নাম | সম্ভাব্য প্রাক্কলন (লক্ষ টাকা) | প্রকল্পের মেয়াদ | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১. | "Improvement of Pipeline Networks and Water Supply Management in Rajshahi City" শীর্ষক প্রকল্প | ২২০৪৯.১৬ | জুলাই,২০২৫-জুন,২০২৯ | প্রকল্পের DPP মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে । |
| ৪. | "Improvement of Water Supply Network with District Metered Area System" শীর্ষক প্রকল্প | ১৫৯৭৩৩.৩০ | জুলাই,২০২৫-জুন,২০২৯ | PDPP প্রস্তুত করা হয়েছে। |
| ২. | "Feasibility Study of Groundwater Resource Assessment and Treatment for Rajshahi City" শীর্ষক প্রকল্প | ৪৮৯.৫৫ | জুলাই,২০২৫-জুন,২০২৬ | মন্ত্রণালয়ের DPEC সভায় অনুমোদিত এবং পুনর্গঠিত DPP অনুমোদনের জন্য মন্ত্রণালয়ে পাঠানো হয়েছে। |
| ৩. | "Preparation of Sewerage Master Plan for Rajshahi City Area and Feasibility Study of Priority Works" শীর্ষক প্রকল্প | ১২৮৬.২৪ | জুলাই,২০২৪-ডিসেম্বর,২০২৬ | মন্ত্রণালয়ের DPEC সভা অনুষ্ঠিত হয়েছে এবং অনুমোদন প্রক্রিয়াধীন। |

## ২০২৪-২৫ অর্থ বছরের আরএডিপিভুক্ত প্রকল্পসমূহের মার্চ/২০২৫ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি

| ক্র: নং | প্রকল্পের নাম | ২০২৪-২৫ অর্থ বছরে RADP বরাদ্দ (কোটি টাকা) | ২০২৪-২৫ অর্থ বছরের মার্চ/২০২৫ পর্যন্ত আর্থিক অগ্রগতি কোটি টাকা (%) | ২০২৪-২৫ অর্থ বছরের মার্চ/২০২৫ পর্যন্ত ভৌত অগ্রগতি (%) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৭ |
| ১. | রাজশাহী ওয়াসার ভূ-উপরিস্থিত পানি শোধনাগার। | ৮০৩.২৫ | ১৫.৩৭৮২ (১.৪৫%) | ২৫% | (১) চায়না এক্সিম ব্যাংক কর্তৃক payment সংক্রান্ত জটিলতায় যথা সময়ে বিল পরিশোধিত না হওয়ায় কাজের অগ্রগতি বিলম্বিত হচ্ছে।<br>(২) বাণিজ্যিক চুক্তির ভিত্তিতে ঠিকাদার কর্তৃক ডিটেইল ডিজাইন প্রণয়নের ক্ষেত্রে নেগোসিয়েশনে সময়ক্ষেপনসহ বেশ কয়েকবার ত্রুটিপূর্ণ ডিজাইন সংশোধনের কারণে পরামর্শক প্রতিষ্ঠান BUET কর্তৃক ডিজাইন অনুমোদন প্রক্রিয়া বিলম্বিত হওয়ায় প্রকল্পের সামগ্রিক অগ্রগতি বিঘ্নিত হচ্ছে। |
| ২. | রাজশাহী ওয়াসা ভবন নির্মাণ | ১৬.০০ | ৯.৩৫৫১ (৫৮.৪৭%) | ৬০% | (১) ডলারের মূল্য বৃদ্ধির কারণে DPP ২য় সংশোধন পূর্বক টেন্ডার আহ্বান করতে হবে।<br>(২)প্রকল্পের ইভ্যালুয়েশন কমিটির সিদ্ধান্ত মোতাবেক ২য় সংশোধিত DPP অনুমোদনের জন্য স্থানীয় সরকার বিভাগ হতে গত ০৩/০২/২০২৫ তারিখে ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন বরাবর প্রেরণ করা হয়েছে।<br>(৩) ঠিকাদারী প্রতিষ্ঠান তাদের দাখিলকৃত Work Plan মোতাবেক নির্ধারিত সময়ে কাজ না করায় নির্ধারিত সময়ে কাজ করা সম্ভব হচ্ছে না। |

# রাজশাহী শহরের পানি সরবরাহের বর্তমান অবস্থা

| কর্মক্ষমতা সূচক | বর্তমান অবস্থা |
|---|---|
| পানির কাভারেজ | ৮৭.৫৮% |
| মোট জনসংখ্যা | ০.৬৪৪ মিলিয়ন |
| পানি সরবরাহ | ০.৫৬৪ মিলিয়ন |
| পাইপ লাইন নেটওয়ার্ক | ৮৫৯.৫৩ কিঃমিঃ |
| পানির চাহিদা | ১৩০.৪৪ এমএলডি |
| পানি সরবরাহ | ১০৭.০৪ এমএলডি |
| জন প্রতি পানি উৎপাদন | ১৮৯.৮১ লিটার |
| জন প্রতি পানি ব্যবহার | ১৩৩.৮১ লিটার |
| বাৎসরিক পানি উৎপাদন | ৩৯.০৭ মিলিয়ন $m^3$ প্রতি বছর<br>ভূ-গর্ভস্থ পানি: ৯৮.০৩ এমএলডি<br>ভূ-উপরিস্থিত পানি: ৯.০ এমএলডি<br>মোট = ১০৭.০৪ এমএলডি |
| বাৎসরিক পানি বিক্রয় | ২৭.৫৫ মিলিয়ন $m^3$ প্রতি বছর<br>(৭৫.৪৯ এমএলডি) |
| মোট উৎপাদক নলকূপের সংখ্যা | ১২১ টি |
| পাইপ লিকেজ | ০.৮২ নং/কিঃমিঃ/বছর |
| রাজস্ব আদায় বর্হিভূত পানির পরিমাণ (%) (NRW) | ২৯.৪৭% |
| নন-রেভিনিউ ওয়াটার ($m^3$/conn/day) | ০.৬৪ |
| কর্মচারী/১০০০ সংযোগ | ৫.৮০ |
| কর্মচারী/১০০০ পানি সরবরাহ আওতাভুক্ত জনসংখ্যা | ০.৫১ |
| মোট কর্মচারী | ২৫৪ জন |
| মোট পানির সংযোগ | ৫২,২৫০ |
| অপারেটিং কষ্ট কাভারেজ (রাজস্ব/খরচ) | ১.১১ |
| গড় ট্যারিফ | আবাসিক: ৬.৮১ টাকা/ $m^3$<br>বাণিজ্যিক: ১৩.৬২ টাকা/ $m^3$ |
| রাজস্ব আদায়ের দক্ষতা | ৬৭% |

## ২০২৩-২৪ অর্থ বছরের প্রকৃত ও ২০২৪-২৫ অর্থ বছরের প্রাক্কলিত পরিচালন ব্যয়ের হিসাব

| অর্থবছর | মোট বরাদ্দ (কোটি টাকা) | | | মোট ব্যয় (কোটি টাকা) | | |
|---|---|---|---|---|---|---|
| | সরকারি অনুদান | রাজশাহী ওয়াসার নিজস্ব বাজেট | মোট | সরকারি অনুদান | নিজস্ব বাজেট হতে পরিচালন ব্যয় | মোট |
| ২০২৩-২৪ (প্রকৃত) | ২০.০০ | ৬.৮৯ | ২৬.৮৯ | ১৭.৭০ | ৫.৮১ | ২৩.৫১ |
| ২০২৪-২৫ (প্রাক্কলিত) | ১৩.০০ | ১২.৯৬ | ২৫.৯৭ | | | |

## ২০২৩-২৪ অর্থবছরের প্রকৃত ও ২০২৪-২৫ অর্থ বছরের প্রাক্কলিত রাজস্ব আয়ের লক্ষ্যমাত্রা

| | মোট আয় (কোটি টাকা) | | |
|---|---|---|---|
| | পানির অভিকর হতে আয় | অন্যান্য আয় | মোট |
| ২০২৩-২৪ (প্রকৃত) | ১৮.৯৭ | ৪.২৬ | ২৩.২৩ |
| ২০২৪-২৫ (প্রস্তাবিত) | ১৯.০০ | ৩.৮৯ | ২২.৮৯ |

# রাজশাহী ওয়াসার চ্যালেঞ্জসমূহ

- রাজশাহী মহানগরী এলাকায় অনেক সরকারী অফিস অথবা প্রতিষ্ঠান নিজস্ব ব্যবস্থাপনায় পানি উত্তোলন করছেন। এই পানি উত্তোলন নিয়ন্ত্রণ করা রাজশাহী ওয়াসার জন্য চ্যালেঞ্জ।
- সরকারি কর্মচারীদের ন্যায় রাজশাহী ওয়াসার কর্মচারীগণ আনুতোষিক পেতে রাজশাহী পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ কর্মচারী চাকুরি প্রবিধানমালা, ২০১৮ এর বিধি ৬২(২) সংশোধন করতে না পারা।
- রাজশাহী ওয়াসার দৈনিক মজুরী ভিত্তিক শ্রমিকদের রাজশাহী ওয়াসায় নিয়মিত কর্মচারী হিসেবে আত্মীকরণ।
- বাংলাদেশ পানি আইন ২০১৩ এর ১৯(৪) ধারা অনুযায়ী "ভূগর্ভস্থ পানিধারক স্তর হইতে পানির নিরাপদ আহরণ নিশ্চিত করিবার লক্ষ্যে নির্বাহী কমিটি, এই আইনের বিধানাবলি সাপেক্ষে, সুরক্ষা আদেশ দ্বারা যেকোন বিধি-নিষেধ আরোপ করিতে পারিবে।" কিন্তু এটি পানি সরবারাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ আইন ১৯৯৬ এর ২৪(১) ধারার সাংঘর্ষিক।
- রাজশাহী সিটি কর্পোরেশনের রাস্তা কাটার ছাড়পত্র- NOC সমন্বয়হীনতার কারণে পানি সংযোগ সেবা প্রদান করতে বিলম্ব হয়। নেসকো, সড়ক ও জনপথ অধিদপ্তর , রাজশাহী সিটি কর্পোরেশনের সাথে সমন্বয়হীনতার কারণে বিদ্যুতের খুঁটি বসানো, রাস্তা বা ড্রেন নির্মাণের কারণে পানির লাইন কাটা পড়ছে।
- পানি উৎপাদন ব্যয়ের সাথে সামঞ্জস্য রেখে পানি ট্যারিফ নির্ধারণ।
- রাজশাহী ওয়াসার বকেয়া বিল আদায়ে চ্যালেঞ্জ।
- ব্যক্তি / প্রতিষ্ঠান পর্যায়ে সাবমার্সিবল পাম্প ব্যবহারের ক্ষেত্রে ওয়াসার নিয়ন্ত্রণ প্রতিষ্ঠা।
- NRW(Non-Revenue Water) প্রত্যাশিত মাত্রায় কমিয়ে আনা।

# Good Practice

- **বিডার** One Stop Service -এর সাথে ইন্টিগ্রেশনের মাধ্যমে রাজশাহী ওয়াসার পানি সংযোগ সেবা সহজীকরণ করা হয়েছে।
- **অনলাইনে পানি সংযোগ সেবা:** গ্রাহক রাজশাহী ওয়াসার ওয়েবসাইটের (rajshahiwasa.portal . gov.bd) মেনুবার থেকে গ্রাহক সেবা>সাব মেনু "পানি সংযোগ" অপশনে ক্লিক করবেন। মাত্র ৭ দিনের মধ্যে পানির সংযোগ সেবা নেওয়া সম্ভব। গ্রাহক আবেদনের সকল প্রসেস মোবাইলে মেসেজ আকারে পাবে ।স্মার্ট সোসাইটি ও স্মার্টসিটিজেন গড়ে তুলতে সহায়তা করবে।
- **অ্যাপসে পানির বিল পরিশোধ** : বিকাশ,রকেট, একপে, রাকাব মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে পানির বিল পরিশোধ করা সম্ভব।
- **অনলাইনে পানি সংযোগের নাম/মালিকানা পরিবর্তন** : গ্রাহক রাজশাহী ওয়াসার ওয়েবসাইটের (rajshahiwasa.portal.gov.bd) মেনুবার থেকে গ্রাহক সেবা>সাব মেনু "নাম পরিবর্তন" অপশনে ক্লিক করবেন।
- **অনলাইনে পানির বিল কাগজ ডাউনলোড:** গ্রাহক রাজশাহী ওয়াসার ওয়েবসাইটের (rajshahiwasa .portal.gov.bd) মেনুবার থেকে গ্রাহক সেবা>সাব মেনু "পানির বিল" অপশনে ক্লিক করবেন।
- **গণশুনানি :** জনগণের অংশগ্রহণের মাধ্যমে সিদ্ধান্ত গ্রহণ ও অভিযোগ নিষ্পত্তির ব্যবস্থা করা হয়।

- **এসএমএস:** গ্রাহকের মোবাইলে বিল সংক্রান্ত এসএমএস প্রেরণ করা হয়।
- **পানির বিল প্রস্তুতকরণ :** সফটওয়্যারের মাধ্যমে ৫০২২৮টি পানির বিল প্রতি ৩মাস পরপর প্রস্তুতকরণ।
- **ই-নথি:** ২০২৩-২৪ অর্থ বছরে ই-নথিতে নোট নিষ্পত্তি হয়েছে ৯১১টি (৮২%) ও হার্ড ফাইলে ২০৭টি (১৮%)।
- **জ্বালানী সাশ্রয়ে পদক্ষেপ গ্রহণ :** প্রতি গাড়িতে ১৮০ লিটার জ্বালানীর পরিবর্তে ১৪০ লিটার ব্যবহার করার মাধ্যমে অর্থাৎ প্রতি মাসে ৪০লিটার (৪,৪০০টাকা) তথা বছরে ৪৮০লিটার (৫২,৮০০টাকা) তেল সাশ্রয় হচ্ছে । প্রতি মোটরসাইকেলে ২০ লিটারের পরিবর্তে ১৫ লিটার ব্যবহার করার মাধ্যমে অর্থাৎ প্রতি মাসে ৫লিটার (৫৫০ টাকা) তথা বছরে ৬০লিটার (৬,৬০০ টাকা) তেল সাশ্রয় হচ্ছে। বর্তমানে ৮টি গাড়ি(হালকাযান), ১২টি মোটরবাইক ও ২টি ওয়াটার ট্যাঙ্ক (ভারীযান) রয়েছে। গত ২০২৩-২০২৪ অর্থ বছরে ৬,০৭,২০০ টাকা জ্বালানী থেকে সাশ্রয়।
- **বিদ্যুৎ সাশ্রয়ে পদক্ষেপ গ্রহণ :** ১২৩টি পাম্পে অটোমেশনের মাধ্যমে অনলাইনে পাম্প চালু ও বন্ধ করা যায় । তাছাড়া ভোল্টেজ-কারেন্ট , ফিকুয়েন্সি, পানির লেয়ার ইত্যাদি কন্ট্রোল ও মনিটরিং করার মাধ্যমে বিদ্যুৎ সাশ্রয় হচ্ছে। বিদ্যুৎ সাশ্রয়ে জোন ভিত্তিক মনিটরিং টিম গঠন করা হয়েছে। তারা প্রতিমাসে প্রতিবেদন দাখিল করেন এবং বিদ্যুতের মিটার সরেজমিনে পরিবীক্ষণ করেন।
- ইনভেন্টরি ম্যানেজমেন্ট সফটওয়্যারের মাধ্যমে ভান্ডারের মালামালের হিসাব সংরক্ষণ।
- ইজিপি এর মাধ্যমে ক্রয় প্রক্রিয়া সম্পাদন।
- অটোমেশন : পাম্প অটোমেশন সফটওয়্যারের মাধ্যমে উৎপাদক নলকূপ মনিটরিং ও পরিচালনা।
- ফোন/মোবাইল/মেইল/ফেসবুক/হোয়াটসঅ্যাপ/এসএমএস-এর মাধ্যমে গ্রাহকের অভিযোগ গ্রহণ।
- হোয়াটস অ্যাপ গ্রুপের মাধ্যমে উন্নয়নমূলক কাজ/প্রকল্পের অগ্রগতি মনিটরিং।
- সামাজিক যোগাযোগ মাধ্যমে রাজশাহী ওয়াসার সার্বিক কার্যক্রম সম্পর্কে জনগণকে অবহিত করার মাধ্যমে জনসচেতনতা বৃদ্ধি।